

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০৪৯.০০১.০২.০০.০০১.২০১৫- ৫০

তারিখ : ১৬/১/১৭

বিষয় : ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ বছরের অডিট আপত্তির উপর স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের মন্তব্যের আলোকে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণ প্রসংগে।

সূত্র : স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং-৩৬৯, তারিখ -১৬/০৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ-বছরের অনিষ্পন্ন অডিট আপত্তির ওপর স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর হতে মন্তব্য প্রেরণ করেছে (কপি সংযুক্ত)। অডিট অধিদপ্তরের মন্তব্যের ভিত্তিতে জবাব প্রেরণ করা আবশ্যিক।

এমতাবস্থায়, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক ২০১২-২০১৩ অর্থ-বছরের অনিষ্পন্ন অডিট আপত্তির ২(দুই) সেট নিষ্পত্তিমূলক জবাব নিম্নোক্ত "ছক" ও নির্দেশনা মোতাবেক আগামী ১ (এক) মাসের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অডিট আপত্তি দৃষ্ট ও কার্যকরভাবে নিষ্পত্তিকল্পে বিষয়টি অতি জরুরী হিসেবে বিবেচ্য।

ছক

আপত্তি সন ও অনুঃ নং	অডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ	স্থানীয় অফিসের জবাব	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ মন্ত্রণালয়ের মন্তব্য
১	২	৩	৪

সংযুক্ত ৪ বর্ণনামতে।

অনুসরণীয় নির্দেশনা

- শুধুমাত্র অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয় প্রেরণ;
- আপত্তিকৃত সকল অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমানকসহ পৃথক পৃথক ভাবে ২সেট জবাব;
- স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে;
- চালানের মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাঙ্কিত সীলসহ সিটিআর;
- প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমাণক সংযুক্ত করতে হবে;
- সকল প্রমানক সত্যায়িত করে প্রেরণ;
- সকল স্বাক্ষরের নীচে নামাঙ্কিত সিল ব্যবহার করতে হবে এবং
- টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণে উল্লেখ করতে হবে।
- ৪ নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরণযোগ্য নয়।

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ঢাকা।

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

- অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
- মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
- সংরক্ষণ নথি।

১৬/১/১৭
(মোঃ এমদুল হক)
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।